গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**(আয়কর)**

## প্রজ্ঞাপন

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ/০৮ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

**এস,আর,ও নং ৩৮৬-আইন/আয়কর/২০১৯।**—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার আঞ্জুমান মফিদুল ইসলামের যাবতীয় আয়কে উক্ত Ordinance এর অধীন আরোপণীয় আয়কর হইতে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, এতদ্বারা অব্যাহতি প্রদান করিল, যথা:-

**শর্তাবলি:**

(ক) এই প্রজ্ঞাপনের মাধ্যমে কর অব্যাহতিপ্রাপ্ত আয় আঞ্জুমান মফিদুল ইসলামের জনকল্যাণমূলক কাজে ব্যয় করিতে হইবে; এবং

(খ) আঞ্জুমান মফিদুল ইসলামকে উক্ত Ordinance এর section 75 এ নির্ধারিত সময়ের মধ্যে নিরীক্ষা বিবরণীসহ আয়কর রিটার্ন দাখিল করিতে হইবে।

২। অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২১ অগ্রহায়ণ ১৪১৯ বঙ্গাব্দ মোতাবেক ৫ ডিসেম্বর ২০১২ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং-৪০৩-আইন/২০১২ এতদ্দ্বারা রহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি
সিনিয়র সচিব

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

S.R.O. No. 386/2019 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

Scanned with CamScanner